রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৯, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**
**অপরাশেন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

**তারিখ, ১৭ জুলাই ২০১২/০২ শ্রাবণ ১৪১৯**

**নং ২৮.০০.০০০০.০১৮.২২.০২০.০৮(অংশ)/২৪৪**—এর মাধ্যমে **খনি ও খনিজ সম্পদ** বিধিমালা, ২০১২ এর বিধি ৭৮ অনুযায়ী সিলিকা বালু, সাধারণ পাথর এবং বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারা প্রদানে সরকারের অনুমোদন জ্ঞাপনের নিমিত্ত সুপারিশ প্রদানের লক্ষ্যে উক্ত বিধিমালার বিধি-২(১২) মোতাবেক প্রত্যেক জেলায় (পার্বত্য জেলাসমূহ ব্যতীত) নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

**কমিটি গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | পুলিশ সুপার | সদস্য |
| (৩) | বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর একজন প্রতিনিধি | সদস্য |
| (৫) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| (৬) | পরিবেশ অধিদপ্তরের একজন স্থানীয় প্রতিনিধি | সদস্য |

| | | |
|---|---|---|
| (৭) | বন বিভাগের একজন স্থানীয় প্রতিনিধি | সদস্য |
| (৮) | পানি উন্নয়ন বোর্ডের একজন স্থানীয় প্রতিনিধি | সদস্য |
| (৯) | বাংলাদেশ রেলওয়ের একজন স্থানীয় প্রতিনিধি (শুধুমাত্র ভোলাগঞ্জ পাথর কোয়ারীর ক্ষেত্রে) | সদস্য |
| (১০) | গণপূর্ত অধিদপ্তরের একজন স্থানীয় প্রতিনিধি | সদস্য |
| (১১) | স্থানীয় মাননীয় সংসদ সদস্যের মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| (১২) | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(ক) কমিটি সিলিকা বালু, সাধারণ পাথর এবং বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারার জন্য বাংলা সন ১লা বৈশাখ হতে ২(দুই) বৎসরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহ্বান করবে এবং সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা মঞ্জুরীর সুপারিশ করবে;

(খ) ব্যুরো, জিএসবি এবং জেলা প্রশাসকের প্রতিনিধি দরপত্র আহ্বানের পূর্বে অগ্রহায়ণ মাসের মধ্যে কোয়ারী এলাকা চিহ্নিত বা নির্ণয় করবে এবং স্থানীয় বাজারদর অনুযায়ী কোয়ারী ইজারার মূল্য নিরূপণ করবে;

(গ) দফা ২(খ) এর অধীন মূল্য নিরূপণের পর জেলা কমিটি পৌষ মাসের মধ্যে দরপত্র আহ্বান করবে, মাঘ মাসের মধ্যে ব্যুরোর নিকট সুপারিশ প্রেরণ করবে, ১৫ই ফাল্গুনের মধ্যে ব্যুরো উহার সুপারিশ সরকারের অনুমোদনের জন্য প্রেরণ করবে এবং সরকার ৩০ শে ফাল্গুনের মধ্যে চূড়ান্ত অনুমোদন প্রদান করবে;

(ঘ) যদি দরপত্রের সর্বোচ্চ দর দফা ২(খ) অনুযায়ী নিরূপিত ইজারা মূল্যের চাইতে কম হয় তা হলে জেলা কমিটি পুনঃদরপত্র আহ্বান করবে এবং যদি পুনঃদরপত্রের সর্বোচ্চ দর নিরূপিত ইজারা মূল্য হতে কম হয় তা হলে জেলা কমিটি তৃতীয় বারের মত দরপত্র আহ্বান করবে এবং যদি তৃতীয় দরপত্রের সর্বোচ্চ দর নিরূপিত ইজারা মূল্য হতে কম হয় তা হলে জেলা কমিটি ব্যুরোর মাধ্যমে বিষয়টি সরকারের নিকট পাঠাবে এবং এক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;

(ঙ) প্রত্যেক দরদাতার প্রস্তাবিত দরের ২৫% এর সমপরিমাণ টাকা টেন্ডার ডকুমেন্টের সাথে জেলা কমিটির চেয়ারম্যান-এর অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে আর্নেস্ট মানি হিসেবে প্রদান করবে। জেলা কমিটি দফা ২(গ) এ বর্ণিত সময়ের মধ্যে সর্বোচ্চ দরদাতার অনুকূলে সুপারিশ করবে এবং উক্ত তারিখ হতে ৭(সাত) দিনের মধ্যে অকৃতকার্য দর দাতাগণের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট ফেরৎ দিবে;

(চ) যদি সফল দরদাতা নির্দিষ্ট মেয়াদের মধ্যে মোট ইজারা অর্থ জমা প্রদানে ব্যর্থ হন তা হলে তার আর্নেস্টমানি ব্যুরোর অনুকূলে বাজেয়াপ্ত করা হবে;

(ছ) কোয়ারীর ইজারা গ্রহীতাকে প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশ বান্ধব যান্ত্রিক পদ্ধতি ব্যবহার/যন্ত্রপাতি স্থাপনের জন্য পরিচালক কর্তৃক অনুমতি প্রদানের পূর্বে সরকারের অনুমোদনের জন্য জেলা কমিটির সুপারিশ থাকতে হবে; তবে বোমা মেশিন বা পরিবেশের জন্য ক্ষতিকর এমন কোন মেশিন ব্যবহার করা যাবে না;

(জ) কমিটি পরিবেশ সংরক্ষণ ও ব্যবস্থাপনাসহ প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক ইজারা কার্যক্রম মূল্যায়ন কিংবা অযান্ত্রিক পদ্ধতিতে সিলিকা বালু, সাধারণ পাথর এবং বালু মিশ্রিত পাথর উত্তোলনের নিয়ম ভঙ্গ করলে প্রয়োজনবোধে বিধি-৮৪ অনুসরণে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক মঞ্জুরীকৃত ইজারা বাতিলের সুপারিশ করবে।

৩। কমিটির সুপারিশের প্রেক্ষিতে সরকারের চূড়ান্ত অনুমোদন প্রাপ্তিসাপেক্ষে ব্যুরো ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সম্পূর্ণ ইজারামূল্য ১৫(পনের) দিনের মধ্যে ব্যুরোর নির্দিষ্ট কোডে জমা দেয়ার জন্য পত্র প্রেরণ করবে। ইজারামূল্য প্রাপ্তির পর ব্যুরো মঞ্জুরীপত্র জারী, ইজারা চুক্তি সম্পাদন ও বিধিমতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

৪। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো কর্তৃক ইতোমধ্যে ইজারা প্রদানকৃত সিলিকা বালু, সাধারণ পাথর এবং বালু মিশ্রিত পাথরের ক্ষেত্রে ইজারার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর থেকে প্রজ্ঞাপনে বর্ণিত নীতিমালা কার্যকর হবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

৬। উপর্যুক্ত বিষয়ে নভেম্বর ০৩, ২০১১ইং তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ২৮.০১৮.০০.০০.০০৫.০০৬.২০১১/৪৩৬ এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সেফাউল আলম**
যুগ্ম-সচিব (প্রশাঃ/অপাঃ)।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd